

পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম
দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি সংখ্যা : IIDC/HQ/5(C) Circulated vide memo no.

Infra/1L-ULU-7/2023/31 তারিখ : 05.01.2024

এতদ্বারা মৎস্যজীবী সমবায় সমিতি সমূহ এবং মৎস্যচাষ সম্পর্কিত সকল সাধারণ ব্যক্তিবর্গকে জানানো হইতেছে যে, পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগমের অন্তর্গত হাওড়া জেলার উলুবেড়িয়া শিল্প তালুকের ২৪.৬৭ একর পুকুরে আগামী ৫ (পাঁচ) বৎসর মেয়াদের জন্য কেবলমাত্র মৎস্য চাষ করিবার জন্য নিলাম প্রক্রিয়া মারফৎ অনুমতি স্বত্ব প্রদান করা হইবে। যাহারা অনুমতি স্বত্ব গ্রহণে আগ্রহী তাহাদিগকে নিলামের নির্দিষ্ট তারিখে (০১।০২।২০২৪) নিগমের উলুবেড়িয়া শিল্পতালুকস্থিত সম্মেলন কক্ষে (CONFERENCE ROOM) পরিচয়পত্র সহ হাজির হইয়া একর প্রতি দর ঘোষণা করিয়া স্বত্ব গ্রহণের আবেদন পত্র সহি সম্পাদন করিয়া জমা করিতে হইবে। সাকুল্য মূল্য উল্লেখ করিয়া স্বত্ব গ্রহণে আগ্রহী ব্যক্তিগণকে নিম্নলিখিত শর্তগুলি স্বীকার করিয়া ও সহি সম্পাদন করিয়া আবেদন পত্র জমা দিতে হইবে। নূন্যতম নির্ধারিত অনুমতি মূল্য একর প্রতি ৩১,৬০০/- (একত্রিশ হাজার ছয় শত টাকা) প্রতি বছর। নিলামে অংশগ্রহণ করিতে হইলে আগামী ৩০।০১।২০২৪ তারিখের মধ্যে নিগমের অনুকূলে জামিন স্বরূপ ১৫০০০ (পনের হাজার টাকা) অনলাইন মাধ্যমে জমা করিতে হইবে। অন্যকোন পদ্ধতিতে জামিনের টাকা জমা লওয়া হইবে না।

অকৃতকার্য দরদাতাদের জামিনের টাকা নিলাম প্রক্রিয়া সম্পন্ন হওয়ার ১৫ দিনের মধ্যে অনলাইন মারফৎ ফেরত দেওয়া হইবে। জামিন জমা রাখার দরুন কোনরূপ সুদ প্রদান করা হইবে না। কৃতকার্য দরদাতার জামিনের টাকা মূল টাকার সহিত সামঞ্জস্য করা হইবে।

শর্তাবলী

১) আবেদন পত্র দাখিলকারী মৎস্যজীবী সমবায় সমিতি / গোষ্ঠীর প্রতিনিধির

স্বাক্ষর ও সীলমোহর যথাযত স্থানে লাগাতে হইবে এবং রেজিস্ট্রেশন নম্বর লিখিতে হইবে। সমিতি / গোষ্ঠী / ব্যক্তির নাম, ঠিকানা, ফোন নং স্পষ্ট ও সম্পূর্ণভাবে লিখিতে হইবে। রেজিস্ট্রেশনের স্বপ্রত্যয়িত জেরক্স কপি, ব্যাঙ্ক পাস বই এর প্রত্যয়িত জেরক্স কপি দিতে হইবে।

২) সংশ্লিষ্ট সমিতি গোষ্ঠীর দ্বারা ঘোষিত দর অবশ্যই সংরক্ষিত মূল্যের অধিক হইতে হইবে। নতুবা উক্ত দর ঘোষণা পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩) দুই বা ততোধিক সমিতি / গোষ্ঠী, যুক্ত-নামে দরপত্রে অংশগ্রহণ করিতে পারিবেন না।

৪) নিলাম সংক্রান্ত আবেদন গ্রহণ সর্বদাই যথাযথ উর্ধতন কর্তৃপক্ষের মঞ্জুরি ও অনুমোদন সাপেক্ষ।

৫) কালো তালিকাভুক্ত সমিতি / গোষ্ঠী/ ব্যক্তি অথবা যে সমস্ত সমিতি / গোষ্ঠীর/ ব্যক্তি পূর্বেই দেয় রাজস্ব /সেলামি /রেন্ট ৩০।০১।২০২৪ তারিখ পর্যন্ত পরিশোধ করেননি, তাহারা আবেদন দাখিল করিতে পারিবেন না বা দাখিল করিলেও তাহা গ্রাহ্য হইবে না।

৬) সর্বোচ্চ দর আশানুরূপ না হইলে নিম্নস্বাক্ষরকারী পূণরায় নিলাম প্রক্রিয়া আহ্বান করিতে পারিবেন। এতে কাহারও কোনও ওজর-আপত্তি গ্রাহ্য হইবে না।

৭) মাছ চাষের সময়কালে ক্ষতিকারক কীটনাশক ব্যবহার করা যাবে না।

৮) অনুমতিপ্রাপ্ত জলাশয়ের চরিত্রের কোনরূপ ক্ষতি/বদল করা যাবে না। পুকুরপাড়ের গাছ কাটা যাবে না এবং জলাশয়ে ক্ষতিকারক কোনরূপ কাজ কর্ম করা যাবেনা,যাতে পরিবেশের ক্ষতি হয়।

৯) মাছ চাষের জন্য সুখা মরসুমে ন্যূনতম ৫ ফুট গভীর জল রাখিতে হইবে।

১০) চুক্তি ভঙ্গ হইলে ৫ (পাঁচ) বছরের মধ্যে যে কোন সময় স্বত্ব/বন্দোবস্ত বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের থাকিবে।

১১) বন্দোবস্ত গ্রহণকারি সমিতি / গোষ্ঠী জলাধারটি অন্য কোন ব্যক্তি বা সংস্থাকে মাছ চাষের স্বত্ব প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রদান করিতে পারিবে না। যদি এইরূপ হস্তান্তর কর্তৃপক্ষের নজরে আসে অথবা সমিতি/গোষ্ঠী/ব্যক্তি মাছ চাষ না করিয়া জলাধারটি পতিত ফেলিয়া রাখে, তাহা হইলে বন্দোবস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

১২) জলাধারের বন্দোবস্ত গ্রহণকারি সমিতি/দলকে বৎসরান্তে কর্তৃপক্ষের নিকট মাছ উৎপাদন সম্বলিত পূর্ণাঙ্গ রিপোর্ট তথ্যসহ জমা দিতে হইবে।

১৩) উক্ত পুকুর চাষের স্বত্ব ৫ (পাঁচ) বৎসরের জন্য প্রদান করা হইবে যাহা সর্বচ্চ দর উল্লেখকারীকে অনুমতি পত্রপ্রদান করার দিন হইতে কার্যকরী হইবে।

১৪) আবেদন পত্রের টাকার পরিমান, সংস্থার নাম, ইত্যাদি ছাপানো কাগজে পরিষ্কার করিয়া অঙ্কে এবং কথায় উল্লেখ করিতে হইবে। তাহার নিচে বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল শর্ত ও নিয়মাবলী মানিয়া চলিব এই কথাটি স্বীকার করিয়া স্বাক্ষর করিতে হইবে এবং তাহার নিচে নিজের নাম, পিতার নাম, নিজ ঠিকানা এবং মোবাইল নং সমূহ পরিষ্কার করিয়া লিখিতে হইবে। দরপত্রের সঙ্গে পূর্ব অভিজ্ঞতার শংসাপত্রের অনুলিপি, রেজিস্ট্রেশন শংসাপত্র / আধার কার্ড ও প্যানকার্ডের স্বাক্ষরিত অনুলিপি জমা দিতে হইবে।

১৫) সর্বোচ্চ দর উল্লেখকারীর আবেদনপত্র নির্বাহী বাস্তুকার, (প্রধান কার্যালয়) প: ব: শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম, বিধাননগর, কলকাতা কর্তৃক অনুমোদিত হইলে দরপত্রে উল্লেখিত মূল্যের প্রথম বৎসরের জন্য সমুদয় টাকা পরবর্তী ১০ (দশ) দিনের মধ্যে বৈদ্যুতিন মাধ্যমে নিগমের নিম্নলিখিত ব্যাঙ্ক এ্যাকাউন্টে জমা দিতে হইবে, অন্যথায় দরদাতার আবেদন পত্র বাতিল বলিয়া গন্য হইবে। পরবর্তী ০৪ (চার) বৎসরের বাৎসরিক টাকা সংশ্লিষ্ট বৎসরের পূর্ববর্তী বৎসরের শেষ মাসে অনলাইন মাধ্যমে নিগমের অনুকূলে প্রদান করিয়া দিতে হইবে। অনাদায়ে সংশ্লিষ্ট বৎসরের সম্পূর্ণ প্রদেয় টাকা ১৩% বাৎসরিক হারে সুদ সহ প্রথম মাসের প্রথম ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জমা করিতে হইবে, অন্যথায় অনুমতি চুক্তি/মৎস্য চাষ এবং উত্তোলনের সমস্ত প্রকার অধিকার বাতিল বলিয়া গন্য হইবে।

১৬) দর সহিত আবেদন পত্র জমা দেওয়ার উল্লেখিত দিন (নিলামের তারিখ) ও সময়ের পর আর কোন আবেদনপত্র গ্রহন করা হইবে না।

১৭) প্রাকৃতিক দুর্যোগ বা অন্য কোন কারন বশতঃ মৎস্য চাষে কোনো ক্ষতি হইলে কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।

১৮) স্বত্ব চলাকালীন অবস্থায় সরকারি বিশেষ কাজে পুকুর ব্যবহার করিবার অধিকার দরপত্র আহ্বানকারী অর্থাৎ নির্বাহী বাস্তুকার (প্রধান কার্যালয়) প: ব:

